

নির্বাচনি পরীক্ষাপূর্ব প্রস্তুতিমূলক বিশেষ পরীক্ষা-১

শ্রেণিঃ দ্বাদশ

বিষয় কোডঃ ২৮৭

বিষয়ঃ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন-২য় পত্র

সময়ঃ ৪৫ মিনিট

পূর্ণমানঃ ২০

সৃজনশীল প্রশ্নপত্র

১। জনাব আদিত্য একটি কাঁচ কারখানার মালিক। কারখানায় তিনি ক্রেতাদের কথা বিবেচনা করে বিভিন্ন ধরনের পণ্য যেমনঃ প্লেট, কাপ, মগ, ফুলদানী ইত্যাদি তৈরি করেন। এই উৎপাদিত পণ্যগুলো তিনি বিভিন্ন দোকানের মাধ্যমে বিক্রয় করেন। বিক্রয়বৃদ্ধি এবং ক্রেতাদেরকে পণ্যের প্রতি আকৃষ্ট করার জন্য তিনি রেডিও, টেলিভিশন এবং পত্র-পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে থাকেন।

- ক) বিক্রয় প্রসার কী? ১
- খ) ভোক্তাকে বিপণন মিশ্রণের কেন্দ্রবিন্দুতে রাখা হয় কেন?- ব্যাখ্যা করো। ২
- গ) জনাব আদিত্যের প্রতিষ্ঠানটি কোন বাজারের অন্তর্ভুক্ত?-ব্যাখ্যা করো। ৩
- ঘ) তুমি কি মনে করো, বিক্রয় বৃদ্ধির জন্য জনাব আদিত্য যে বিপণন মিশ্রণের উপাদানটি বেছে নিয়েছেন তা যুক্তিযুক্ত? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

২। “ডেনিম টেইলরস এন্ড ফেব্রিকস” গ্রীষ্মকালে কাপড়ের মূল্য ও মেকিংচার্জ পুনর্নির্ধারণ করে। প্রতিষ্ঠানটি বিক্রয়কৃত স্যুটের কাপড়ের ক্ষেত্রে ২৫% এবং মেকিং চার্জের উপর ৩৫% ছাড় দেয়। এর ফলে গ্রীষ্মকালেও তাদের বিক্রীত স্যুটের কাপড়ের চাহিদা বিদ্যমান থাকে। এজন্য স্যুট তৈরির কারিগরদের অলস সময় কাটাতে হয় না।

- ক) প্রবৃদ্ধি স্তর কী? ১
- খ) ব্যয়-যোগ পদ্ধতিতে মূল্য নির্ধারণ বলতে কী বুঝায়? ২
- গ) “ডেনিম টেইলরস এন্ড ফেব্রিকস” কর্তৃক বিক্রীত পণ্যটি কোন ধরনের ভোগ্যপণ্য?-ব্যাখ্যা করো। ৩
- ঘ) উদ্দীপকে উল্লেখিত প্রতিষ্ঠানটি স্যুটের কাপড় বিক্রয় ও মেকিং চার্জের ক্ষেত্রে যে বাট্টা প্রদান করেছে তার যথার্থতা মূল্যায়ন করো। ৪